

## নীরবে চলে গেলেন সমাজ সেবক ও সংগঠক আবদুর রহিম মোল্লা

সোনার বাংলা রিপোর্টঃ সিডনিতে বাংলাদেশ কমিউনিটির অতি পরিচিত মুখ সমাজ সেবক ও সংগঠক আবদুর রহিম মোল্লা গত ৪ জুলাই, বুধার আনুমানিক বিকাল ৫টায় ইস্তেকাল করেন ( ইন্নালিল্লাহে .... রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিলো ৪৮ বছর। তিনি কাজ থেকে বাড়ী ফিরে বিকেলে হাঁটতে বের হন। কিছু সময় হাঁটার পর বাড়ীর অদূরে রাস্তায় হঠাৎ করে অসুস্থ হয়ে পড়ে যান। এ অবস্থায় তাকে কেউ চিনতে না পারলেও হাসপাতালে পাঠানোর জন্যে বেশকিছু লোকজন জড়ো হয়। ঐ সময় একই রাস্তা দিয়ে যাচ্ছিলেন তারই প্রতিবেশী ড. আব্দুস সালামের স্ত্রী। তিনি লোকজনের ভিড় দেখে এগিয়ে যান এবং আবদুর রহিম মোল্লাকে চিনতে পারেন এবং তার পরিবারবর্গের কাছে খবরটি দ্রুত পৌছে দিলে তারা দ্রুত ঘটনাস্থলে পৌছেন। ততক্ষণে তাকে এ্যাম্বুলেন্সে তোলা হয় এবং লিভার হাসপাতালে নেয়া হয়। হাসপাতালের জরুরী বিভাগে কর্তব্যরত ডাক্তাররা তাকে মৃত বলে জানান। তাঁর এই অপ্রত্যাশিত মৃত্যুর খবর ছড়িয়ে পড়ার পর কউনিটিতে গভীর শোকের ছায়া নেমে আসে। সিডনির বিভিন্ন অঞ্চল থেকে তাকে এক নজর দেখার জন্য প্রচন্ড শীতকে উপেক্ষা করে হাসপাতালের বাইরে অনেককে অপেক্ষা করতে দেখা যায়।

মরহুম আবদুর রহিম মোল্লা টাঙ্গাইলের সখীপুরে জন্মগ্রহণ করেন। ৫ ভাই ও ২ বোনের মধ্যে তিনি ছিলেন ৩য়। তিনি ১৯৮০ সালে সোনারগাঁও হোটেলে তাঁর কর্মজীবন শুরু করেন। দীর্ঘ ১৪ বছর সেখানে অত্যন্ত সততা ও সুনামের সাথে কাজ করার পর ১৯৯৪ সালে পরিবারসহ অস্ট্রেলিয়ায় চলে আসেন প্রথমে সিটি সংলগ্ন সারিহিলস এবং পরে ১৯৯৯ সাল থেকে সিডনির ক্যাম্বেলটাউন ডিস্ট্রিক্ট এর ইঙ্গেলবার্নে বসবাস করছিলেন।

জনাব মোল্লা বাংলাদেশ ওয়েলফেয়ার সোসাইটি ক্যাম্বেলটাউন এর প্রতিষ্ঠাতা সাধারণ সম্পাদক ও অস্ট্রেলিয়ান লেবার পার্টি মিন্টো ব্রাঞ্চের সিনিয়র সভাপতি ছিলেন। তিনি বিভিন্ন সামাজিক-সাংস্কৃতিক সংগঠনের সাথে জড়িত ছিলেন। বাংলাদেশেও গরীব ছাত্র-ছাত্রীদের পড়াশুনার খরচ চালানো, দুস্থ মানুষদের সাহায্য করা সহ তিনি বিভিন্ন কমিউনিটি কাজের সাথে জড়িত ছিলেন।

মৃত্যুকালে তিনি স্ত্রী, দুই সন্তান, আত্মীয়স্বজনসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। কন্যা তানজিলা নিউ সাউথ ওয়েলস বিশ্ববিদ্যালয়ে এবং পুত্র শাওয়াল ইয়াল টুয়েলভে পড়াশুনা করছে।

তাঁর এই অকাল মৃত্যুতে কমিউনিটির বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দসহ শুভাকাঙ্ক্ষীরা গভীর শোক প্রকাশ করে শোকবার্তা পাঠিয়েছেন। যারা শোক বার্তা পাঠিয়েছেন তারা হলেন বঙ্গবন্ধু পরিষদের সভাপতি ড. আবদুর রাজ্জাক, বঙ্গবন্ধু পরিষদ ( রফিক) সভাপতি ড. রফিকুল ইসলাম, বঙ্গবন্ধু পরিষদের সহ-সভাপতি শেখ শামীমুল হক, ড. বোরহান উদ্দিন, বাংলাদেশ এসোসিয়েশন অস্ট্রেলিয়া ও ঘাতক দালাল নিমূল কমিটির সভাপতি গামা আবদুল কাদির, লেখক সাংবাদিক অজয় দাশগুপ্ত, ক্যাম্বেলটাউন বাংলা স্কুলের সভাপতি শাহ আলম সৈয়দ, আওয়ামী লীগ অস্ট্রেলিয়ার সাধারণ সম্পাদক ব্যারিস্টার সিরাজুল হক, মুক্তিযোদ্ধা সংসদ অস্ট্রেলিয়ার সাধারণ সম্পাদক ও বেতার বাংলার পরিচালক হারুন রশিদ আজাদ, বাংলাদেশ এসোসিয়েশন অস্ট্রেলিয়া ও মুক্তিযোদ্ধা সংহতি পরিষদের সভাপতি রবীন বনিক, একুশে একাডেমী অস্ট্রেলিয়ার সভাপতি নেহাল নেয়ামুল বারী, বঙ্গবন্ধু পরিষদ ( রফিক) সাধারণ সম্পাদক গাউসুল আযম শাহজাদা, বাংলাদেশ পূজা এসোসিয়েশনের সভাপতি সমীর ঘোষ, বাংলাদেশ অস্ট্রেলিয়ান ফোরাম ফর মাইনোরিটিজ ইন বাংলাদেশের সভাপতি ড. সমীর সরকার, বাংলাদেশ সোসাইটি পূজা ও সংস্কৃতির সভাপতি ড. স্বপন পাল, বাংলা একাডেমী অস্ট্রেলিয়ার পরিচালক আনোয়ার আকাশ, বঙ্গবন্ধু পষিদ ( নুরর রহমান) প্রচার ও প্রকাশনা সম্পাদক আল নোমান শামীম, সোনার বাংলা সম্পাদক পিএস চুন্নু ও বাসভূমি সম্পাদক আকিদুল ইসলাম। শোকবার্তায় তাঁরা মরহুমের আত্মার শান্তি কামনা করেন এবং তাঁর পরিবারবর্গের প্রতি সহমর্মিতা ও যে কোন ধরনের সহযোগিতার প্রত্যাশা ব্যক্ত করেন।

সোনার বাংলা'র পক্ষ থেকে আমরা মরহুমের আত্মার শান্তি কামনা করছি এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানাচ্ছি এবং সেই সাথে সাথে মহান করুণাময়ের কাছে প্রার্থনা করছি তিনি যেন তাঁর পরিবারবর্গকে এই কঠিন শোক সহ্য করবার শক্তি দেন।

## গায়েবানা জানাজা সম্পন্ন

গত ৬ জুলাই, শুক্রবার বাদ জুম্মা মিন্টো মসজিদে মরহুম আবদুর রহিম মোল্লার গায়েবানা জানাজা ও বিশেষ মোনাজাত অনুষ্ঠিত হয়। বাংলাদেশ কমিউনিটির অনেকেই এ জানাজায় উপস্থিত থেকে মরহুমের আত্মার মাগফেরাতও মঙ্গল কামনা করেছেন এবং তাঁর পারবাবর্গের প্রতি সমবেদনা জ্ঞাপন ও তাদের এই শোক কাটিয়ে ওঠার শক্তি দানের জন্য মহান করুণাময়ের কাছে প্রার্থনা করেন।

## দোয়া ও মিলাদ মাহফিল

মরহুম আবদুর রহিম মোল্লার আত্মার মাগফেরাত কামনা করে বাংলাদেশ কমিউনিটির পক্ষ থেকে এক দোয়া ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয় গত ৭ জুলাই, শনিবার ম্যাকুয়ারীফিল্ড কমিউনিটি সেন্টারে বাদ মাগরিব। সেখানে কমিউনিটির অনেক সদস্যই উপস্থিত ছিলেন।

## দ্বিতীয় জানাজা ল্যাকেশা মসজিদে অনুষ্ঠিত হবে

মরহুম আবদুর রহিম মোল্লার দ্বিতীয় নামাজে জানাজা অনুষ্ঠিত হবে ৮ জুলাই, রবিবার ল্যাকেশা মসজিদে এশার নামাজের পর। মরহুমের মৃতদেহ আগামী মঙ্গলবার থাই এয়ারওয়েজ যোগে ঢাকাতে পাঠানো হবে। পরে সেখান থেকে তাঁকে টাঙ্গাইলের সখীপুরের নিজ গ্রামের বাড়ীতে নিয়ে দাফন করা হবে বলে পারিবারিক সূত্রে জানা গেছে।